# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
## পাহাড়তলি শাখা।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক
## বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স শাহ আলম এণ্টারপ্রাইজ , ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী জনাব মোঃ শাহ আলম পিতা- মোঃ মোখলেছুর রহমান, মাতা- তাহেরা খাতুন, ব্যবসায়িক ঠিকানা- নাসিরাবাদ টেক্সটাইল গেইট, বায়জিদ থানা রোড, থানা- বায়জিদ বোস্তামি, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- মোখলেছুর রহমান বাড়ি, বার্মা কলোনি, আমিন জুট মিল – ৪২১১, থানা – পাঁচলাইশ, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা- মোখলেছুর রহমান বাড়ি, বার্মা কলোনি, আমিন জুট মিল – ৪২১১, থানা – পাঁচলাইশ, চট্টগ্রাম, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, পাহাড়তলি শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৯.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ইউসিবি ধ্রুব, ইউসিবি অংকুর এবং পার্সোনাল লোন বাবদ মোট ৮০,৮৮,৪১৬.৩০ (আশি লক্ষ অষ্টাশি হাজার চারশত ষোল টাকা ত্রিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

আগামী ০৩.১১.২০১৯ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, পাহাড়তলি শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, পাহাড়তলি শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা – চট্টগ্রাম, থানা – সাবেক পাচলাইশ বর্তমান বাইজিদ বোস্তামি, সাব-রেজিস্ট্রি অফিস – চট্টগ্রাম সদর, মৌজা – পশ্চিম ষোলশহর, রেজিস্টার্ড বিক্রয় কবলা নং – ৪৬১০ তারিখ ২৩.০৩.২০১৭, চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিব হাউজিং সোসাইটি এর প্লট নং – ৯৩, এস.এ (পি.এস) খতিয়ান নং – ১৫৭৩, এস.এ (পি.এস) দাগ নং – ৪৪১, অরিজিনাল বি.এস খতিয়ান নং – ১, সাবেক বি.এস নামজারি খতিয়ান নং – ১/১, ১/১/৯২, ৪৯১০, বর্তমান বি.এস নামজারি খতিয়ান নং – ৫০৪১, বি.এস দাগ নং – ৭৪। জমির পরিমাণ – ৫.৮৪ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে – ৬০ ফুট চলাচল রাস্তা, দক্ষিণে – ১০৪ নং প্লট, পূর্বে – অত্র প্লটের অবশিষ্ঠ ভূমি এবং ৯২ নং প্লট, পশ্চিমে – ২০ ফুট রাস্তা।

**ব্যবস্থাপক, ইউসিবি, পাহাড়তলি শাখা।**